শব্দালংকার / যমক — ৩

যমকের অবস্থানগত উদাহরণ —

আদ্য যমক

যখন পঙক্তির আদ্য অংশে (শুরুর দিকে) যমক বা জোড়া শব্দ থাকে, সেটি আদ্য যমক।

'ভারত ভারতখ্যাত আপনার গুণে।'

মধ্য-যমক

যখন পঙক্তির মধ্য-অংশে যমক শব্দটি থাকে, তখন সেটি মধ্য-যমক।

'পাইয়া চরণতরী তরি ভবে আশা।'

অন্ত্য যমক

যখন পঙক্তির শেষ বা অন্ত্যঅংশে যমক শব্দটি থাকে, তখন সেটি অন্ত্য যমক।

'অতিপানে অতীশের কিনিয়াছি চিনি।
অন্যলোকে ভুর দেয় ভাগ্যে আমি চিনি।'

সর্বযমক

যখন একটি পঙক্তির আদ্য-মধ্য-অন্ত্য স্থানী সমস্ত শব্দ বা ধ্বনিগুচ্ছই পরবর্তী পঙক্তিতে অন্য অর্থে পুনরাবৃত্ত হয়, তখন তা সর্ব যমক।

'কান্তার আমোদপূর্ণ কান্ত সহকারে।
কান্তার আমোদ পূর্ণ কান্ত সহকারে।'

১ পঙক্তি/কান্তার — বনভূমি, সৌরভপূর্ণ, বসন্ত, সমাগমে।
২ পঙক্তি/ ,, — প্রেয়সীর, আনন্দ সম্পূর্ণ, প্রেমিকের, আগমনে।

* একটা গুরুত্বপূর্ণ কথা এখানে বলে রাখা দরকার। স, শ, ষ ; ই, ঈ ; উ, ঊ ; য, জ ইত্যাদি কোনো শব্দে থাকলে সেগুলির বানানে তফাতটা বোঝা গেলেও উচ্চারণে তফাত ঘটে না। তাই বর্শা/বর্ষা, কড়ি/কড়ী, আশা/আসা ইত্যাদি যমক হিসেবেই গ্রাহ্য হবে।